R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd No.--WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন ঃ ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৩শ বর্ষ
২০শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৮ই আশ্বিন বুধবার, ১৪০৩ সাল।
২৫শে সেপ্টেম্বর, ১৯৯৬ সাল।
নগদ মূল্য ঃ ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## আমাদের খতম করতে কংগ্রেস অধীর চৌধুরীর মতো যন্ত্রপাতি বাজারে ছড়িয়ে দিয়েছে—আবাসন মন্ত্রী

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১৯ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জ সদরঘাটে কংগ্রেসী সন্ত্রাসের বিরুদ্ধে এবং গঙ্গা-পদ্মা ভাঙ্গন রুখতে স্থানীয় সিপিএম দল এক জনসভা করে। জনসভায় জেলা সম্পাদক মধু বাগ, জেলা সিটু নেতা তুষার দে, মহকুমা জোনাল কমিটির সম্পাদক ও জঙ্গিপুরের পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য ছাড়াও রাজ্যের জনস্বাস্থ্য, কারিগরী ও আবাসান মন্ত্রী গৌতম দেব উপস্থিত ছিলেন। সভার মাঝেই প্রাকৃতিক দুর্যোগের আশঙ্কা করে বক্তারা তাঁদের ভাষণ সংক্ষিপ্ত করেন। বক্তাদের মধ্যে মৃগাঙ্কবাবু ও মধুবাবুর বক্তব্যে কংগ্রেসীদের সন্ত্রাসের কথাই বার বার উচ্চারিত হয়। তবে নবগ্রামের বিধায়ক অধীররঞ্জন চৌধুরীর সমাজ বিরোধী কার্যকলাপকে বক্তারা বার বার ধিক্কার জানান। প্রসঙ্গক্রমে এবারের ( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## শিক্ষক নিয়োগে ডোনেশন নেওয়া মামলায় প্রধান আসামী জেলহাজতে

রঘুনাথগঞ্জ ঃ গত ১৮ জুলাই ডোনেশন নিয়ে শিক্ষক নিয়োগের বিরুদ্ধে জঙ্গিপুর এসডিজেএম আদালতে বাদী হয়ে বাসুদেবপুরের জনৈক কল্যাণকুমার রায় ১৯৮ সি/৯৬ মোকর্দমা দায়ের করেন। এই মামলায় প্রধান আসামী ছিলেন চক বাসুদেবপুর চাচণ্ডা জালাদিপুর স্কুলের হেড ক্লার্ক ও ম্যানেজিং কমিটির প্রভাবশালী সদস্য স জাহান শেখ, প্রধান শিক্ষক মহঃ ইমান আলী, সম্পাদক আবুল সেখ, ডোনেশন প্রদানকারী শিক্ষক মঙ্গল সরকার ও ওবাইদুর রহমান। পরবর্ত্তী তলবী হাজিরার দিন ২০ সেপ্টেম্বর আসামীরা কোর্টে হাজির হলে এসডিজেএম প্রধান আসামী সাজাহান সেখ ও ঘুষ প্রধানকারী মঙ্গল সরকারকে জামিন না দিয়ে আগামী ৪ অক্টোবর পর্যন্ত জেল হাজতে রাখার নির্দেশ দেন। প্রধান শিক্ষক ও সম্পাদকের নামেও ওয়ারেণ্ট জারী হয়েছে বলে জানা যায়।

## বিদ্যুৎ অফিস ভাঙচুর ও কর্মী নিগ্রহের অভিযোগে সাতজন গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ ঃ গত ১৯ সেপটেম্বর ক্ষুব্ধ যুবকেরা জঙ্গিপুর শহরে অহরহঃ লোডশেডিং ও পাশের বিদ্যুৎ অফিস সব সময় তালাবন্ধ থাকার প্রতিবাদে রঘুনাথগঞ্জ গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিস ঘেরাও করে এবং প্রতিবাদ বিক্ষোভে ফেটে পড়ে। সেদিন এস-এস অফিসে ছিলেন না। ফলে বিদ্যুৎ কর্মীদের সঙ্গে বচসা বাধে ও ক্ষুব্ধ যুবকরা অফিস কর্মীদের মারধোর করে এবং আসবাবপত্র ভাঙচুর করে। ভারপ্রাপ্ত উমরপুর কেভি ষ্টেশনের এ্যাঃ ইঞ্জিনিয়ার থানায় এফ আই আর করলে পুলিশ জঙ্গিপুরের ৭ যুবককে গ্রেপ্তার করে আদালতে চালান দেয় ২০ সেপ্টেম্বর। যুবকদের পক্ষে এ্যাডভোকেট জগন্নাথ সরকার জামিনের আবেদন করলে জামিন মঞ্জুর হয়। গত ২৩ সেপ্টেম্বর জঙ্গিপুর নাগরিক কমিটি এ ঘটনার প্রতিবাদে এক বিক্ষোভ মিছিল বার করে শহর পরিক্রমা করে। জানা যায় ঘটনার যথাযথ তদন্ত করতে ২৪ সেপটেম্বর বিদ্যুৎ পর্ষদের সচিব এখানে এসেছিলেন। ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দোকান মালিককে গ্রেপ্তারের প্রতিবাদে সব ওষুধের দোকান বন্ধ

রঘুনাথগঞ্জ ঃ গত ২০ সেপটেম্বর স্থানীয় ওষুধের দোকান 'জীবনদীপ' থেকে সাইকেল চুরির অভিযোগে সাইদাপুরের জনৈক যুবককে মারধোর করার ঘটনায় একটি পুলিশ কেস হয়। থানায় ডেকে পাঠিয়ে মারধোরের অভিযোগে পুলিশ দোকানের মালিক গৌতম রায়কে গ্রেপ্তার করে ২১ সেপটেম্বর কোর্টে চালান দিলে তিনি জামিনে মুক্তি পান। গ্রেপ্তারের প্রতিবাদে ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ফরাক্কা-ধুলিয়ানে ভাঙ্গনে এগার লক্ষ টাকা জলে

নিজস্ব সংবাদদাতা ঃ বর্ষা থেমে যাওয়ায় জল কমতে শুরু করেছে। যার ফলে ফরাক্কা থানার অর্জুনপুর ও মহেশপুরে গঙ্গায় ভাঙ্গন শুরু হয়েছে। সাঁকোপাড়া ও মহেশপুরের ৩০/৪০ ঘর বসতি এই ভাঙ্গনে বিলীন হয়েছে গঙ্গা-গর্ভে। ভাঙ্গন রোধের জন্য পূর্বেই গঙ্গা এন্টিইরোসন বিভাগ ১১ লক্ষ টাকার কাজ করে মহেশপুরের গঙ্গার ধার বরাবর। এতে বাঁশের খাঁচায় ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## রেশনকার্ড বিতরণে ঘুষের অভিযোগ প্রমাণিত

সাগরদীঘি ঃ এই ব্লকের মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতে রেশন কার্ড বিতরণে ঘুষের অভিযোগ ওঠে। পঞ্চায়েতের রেশন কার্ড বিতরণকারী অফিসাররা গৃহস্থ পিছু দশ টাকা নিয়ে তবে কার্ড দিচ্ছেন এই অভিযোগ গ্রামবাসীরা গণসাক্ষরের মাধ্যমে জেলা শাসক, মহকুমা শাসক, মহকুমা খাদ্য সরবরাহ নিয়ামক ও বিধায়কের নিকট জমা দেন। অভিযোগের ভিত্তিতে গত ৬ সেপটেম্বর (শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

৮ই আশ্বিন বুধবার, ১৪০৩ সাল ।


## ।। 'ন্যাশনাল ক্যালামিটি' ।।

গত ২০ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী এইচ ডি দেবগৌড়া মালদহ ও মুর্শিদাবাদে গঙ্গার ভাঙ্গন এবং বন্যার তাণ্ডব পরিদর্শন করিয়া গিয়াছেন। গঙ্গার ভাঙ্গন এবং বন্যার সমস্যা সম্পর্কে সাময়িক সমাধান ও স্থায়ী সমাধান করিবেন বলিয়া তিনি আশ্বাস দিয়াছেন।

নদীর ভাঙ্গন ও বন্যা পরিস্থিতি দেখিবার জন্য সাত সদস্যের একটি কেন্দ্রীয় বিশেষজ্ঞ দল মালদহ ও মুর্শিদাবাদ আসিয়াছেন। তাঁহারা সরেজমিনে সব কিছু দেখিতেছেন এবং ইহার ভিত্তিতে তাঁহারা নাকি দুই প্রকারের রিপোর্ট দিবেন বলিয়া প্রধান মন্ত্রীর আশ্বাস হইতে জানা গেল। একটি রিপোর্ট বন্যা ও নদীর ভাঙ্গনের সমস্যার স্থায়ী সমাধান সংক্রান্ত এবং অপরটি হইবে উক্ত সমস্যার আপাত সমাধান বিষয়ে।

মালদহে প্রধানমন্ত্রী সাংবাদিকদের বলেন যে, বন্যা বা নদীর ভাঙ্গন সংক্রান্ত সমস্যা এতদিন 'প্যাচ ওয়ার্ক' করিয়া সামলান হইয়াছে। তিনি ইহার স্থায়ী সমাধান চাহিয়াছেন। সাময়িক সমাধান দ্বারা এত বড় গুরুত্বপূর্ণ বিষয় মিটমাট হইবার নহে। তাহাতে জনগণের দুর্গতির অবসান হইবে না। প্রধানমন্ত্রী যে ইহা উপলব্ধি করিয়াছেন, তাহাতে পশ্চিমবঙ্গের মানুষ তাঁহার প্রতি চিরকৃতজ্ঞ রহিবেন। কারণ গঙ্গা ভাঙ্গন ও এই রাজ্যের বন্যা এই প্রথম নহে। ইহার পূর্বে কেন্দ্রে কংগ্রেসী শাসনকালেও গঙ্গা ভাঙ্গন পুরাদমে হয়; বন্যাও মানুষকে অপরিসীম দুঃখ দুর্দশায় ফেলিয়াছিল। কিন্তু কোনও প্রকার সমাধানের কথা শুনা যায় নাই। নদীর ভাঙ্গন রে'ধে এ যাবৎ যত 'প্যাচ ওয়ার্ক' হইয়াছে, তাহাতে ভাঙ্গন বন্ধ হয় নাই। নদীর 'এ কূল' ভাঙ্গিতেছে এবং 'ও-কূল' গড়িয়া উঠিতেছে। ঘরবাড়ী, বাগান-পুষ্করিণী, জমি-জিরাত নদীগর্ভে বিলীন হইয়া গিয়াছে। বিস্তীর্ণ এলাকার অসংখ্য মানুষ যত আর্তনাদ করিয়াছে, তাহাতে রাক্ষসী গঙ্গা-পদ্মার করাল-গ্রাস বন্ধ হয় নাই।

সাত সদস্যের বিশেষজ্ঞ টিম এই রাজ্যের নদীর ভাঙ্গন এবং বন্যাজনিত উদ্ভূত পরিস্থিতির সাময়িক ও স্থায়ী সমাধানের বিষয়ে তাঁহাদের সুচিন্তিত সুপারিশ প্রধানমন্ত্রীর নিকট পেশ করুন এবং প্রধানমন্ত্রী এই বিষয়ে তৎপর হইয়া রাজ্যবাসীর দুর্দশা মোচন করুন—আমরা এই অনুরোধ করিতেছি। প্রসঙ্গত উল্লেখ্য, ত্রাণকার্যের জন্য এ যাবৎ যে অর্থ কেন্দ্র বরাদ্দ করিয়াছেন, তাহার পরিমাণ বড় কম। এই অর্থের পরিমাণ আরও বাড়ান দরকার এবং তাহা অবিলম্বে করা প্রয়োজন—এইটুকু উপলব্ধি করিতে আমরা প্রধানমন্ত্রীকে অনুরোধ করিতেছি। এই নদী-ভাঙ্গন ও বন্যা 'ন্যাশনাল ক্যালামিটি' বা আর যে নামেই আখ্যাত হউক না কেন, সমাধান বিষয়ে অর্থের অভাব যেন না হয়।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### *প্রাইভেট টিউশন প্রসঙ্গে*

পড়াশুনার সর্বস্তরে আজ প্রাইভেট টিউশনের ব্যাপক প্রাধান্য। সুস্থ শিক্ষা ব্যবস্থার স্বার্থে প্রাইভেট টিউশন বন্ধ করার জন্য নিষেধাজ্ঞা জারি করার প্রয়োজনীয়তা আজ অনস্বীকার্য। কিন্তু কেন প্রাইভেট টিউশনের প্রতি ছাত্র-ছাত্রী বা অভিভাবকদের এত আগ্রহ, সে কারণও কিন্তু উপেক্ষণীয় নয়। পশ্চিমবঙ্গের বর্তমান শিক্ষা ব্যবস্থায় অধিতব্য বিষয়ের উপর ছাত্র-ছাত্রীদের কতটা জ্ঞান আছে, তার উপর বিশেষ গুরুত্ব না দিয়ে পরীক্ষায় প্রাপ্ত ভাল নম্বরের উপরই বেশী জোর দেওয়া হয়। পশ্চিমবঙ্গের কোনও মাধ্যমিক বা উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে চাকরী পেতে গেলে প্রার্থীকে বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের উপরই বেশী গুরুত্ব দেওয়া হয়। প্রার্থী মৌখিক পরীক্ষায় যত ভাল উত্তরই দেন না কেন, বিভিন্ন পরীক্ষায় ( মাধ্যমিক থেকে এম, এ ) প্রাপ্ত নম্বরের গড় যদি কম হয় তাহলে তার চাকরী পাওয়ার সম্ভবনা থাকে না। ফলে দক্ষ ও যোগ্য প্রার্থীর তুলনায় বেশী নম্বর পাওয়া প্রার্থীরাই চাকরী পেয়ে থাকেন। এ ছাড়া ভাল শিক্ষা প্রতিষ্ঠানে ভর্ত্তির জন্য ভাল নম্বর থাকা দরকার। বেশ কিছু চাকরীতে দরখাস্ত করার জন্যও ৫৫% বা ৬০% নম্বর দেওয়া হয়। কাজেই, যতদিন পরীক্ষার নম্বরের উপর গুরুত্ব বেশী থাকবে ততদিন প্রাইভেট টিউশনও থাকবে প্রকাশ্যে অথবা গোপনে।

কাশীনাথ ভকত, রঘুনাথগঞ্জ

### *অনুপ ঘোষাল সম্বর্ধিত*

গত ৫ সেপ্টেম্বর 'মুর্শিদাবাদ গ্রামীণ সংবাদ' এর পক্ষ থেকে পত্রিকার ৮ম বর্ষপূর্তি অনুষ্ঠানে সম্বর্ধনা জানানো হল জেলার অন্যতম জনপ্রিয় সাহিত্যিক অনুপ ঘোষালকে। লালবাগ সিংঘি স্কুলে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন রাণাঘাটের বর্ষীয়ান কবি কার্তিক মোদক, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক বংশী মান্না, মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের সভাপতি প্রাণরঞ্জন চৌধুরী, সম্পাদক অমলেন্দু সরকার, কবি উৎপল গুপ্ত এবং মুর্শিদাবাদ ও অন্যান্য জেলার অর্ধশতাধিক কবি ও কথাকার। উপস্থিত ছিলেন অন্তত কুড়িটি পত্রপত্রিকার সম্পাদকগণ। প্রথমে বসে সাহিত্য পাঠের আসর পূর্বাভাস পত্রিকার পরিচালনায়। তারপর অনুপ ঘোষালের সাহিত্যকৃতির স্বীকৃতি হিসাবে মানপত্র পাঠ করেন উদ্যোক্তা পত্রিকার সম্পাদক অপূর্ব সেন। লেখকের হাতে কাঁসার সুদৃশ্য স্মারক ফলক এবং মূল্যবান লেখন সামগ্রী তুলে দেন কবি কার্তিক মোদক। সম্বর্ধনার প্রত্যুত্তরে অনুপ সবিনয়ে জানান, তিনি এ ধরনের সম্মাননার যোগ্য কিনা তাঁর নিজের সন্দেহ আছে। তবে এমন পুরস্কার দায়িত্ব বাড়িয়ে দেয়। নতুনদের কাছে প্রেরণাযোগ্য সৃষ্টি তুলে ধরতে পারলে এ সম্বর্ধনার কিছুটা মর্যাদা দেয়া সম্ভব বলে তিনি মনে করেন। অনুষ্ঠানটিতে পৌরোহিত্য করেন বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ রামপ্রসাদ পাল।

## একই রাতে দু'জন খুন

ধুলিয়ান : গত ২৪ সেপ্টেম্বর মায়া টকিজ হলে সিনেমা চলাকালীন, হলের পাশে মহসীন আলীর রেশন দোকানের ছাদে মত্ত অবস্থায় তর্কচলাকালীন ইসলাম সেখ (২১) নিহত হয়। খবর ছাদে বসে রাত ৮ টায় বেশ কয়েকজন মদ খাচ্ছিল। সে সময় তাদের মধ্যে পুরানো এক আক্রোশের কারণে তর্কাতর্কি শুরু হলে ইসলামের মুখ বন্ধ করে অন্যরা তাকে ১৪/১৫ বার ছুরিকাঘাত করে। সে ঘটনাস্থলে মারা যায়। তার আর্ত চিৎকারে ইসলামের কাকা ধুলিয়ান ফেরীঘাটের ইজারাদার ওরসেলিম মহালদার ছাদে উঠতে গেলে দুষ্কৃতিরা তাকেও ছুরিকাঘাতে আহত করে। ওরসেলিমকে গুরুতর আহত অবস্থায় বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ জনৈক মন্টু মহালদারকে এ ব্যাপারে গ্রেপ্তার করে। ঐ দিনই রতনপুর গ্রামে রাত ৯ টায় সাইফুদ্দিন সেখের দ্বিতীয় পক্ষের স্ত্রী এক সন্তানের জননী হেনা বিবিকে (২৮) গলায় দড়ি দিয়ে বেঁধে হত্যা করা হয়। সন্দেহ সাইফুদ্দিনের ১ম পক্ষের স্ত্রী ও সে নিজে একযোগে এই হত্যাকাণ্ড ঘটিয়েছে। গ্রামবাসীরা তাদের দুজনকে ধরে পুলিশের হাতে তুলে দেয়। জানা যায় সাইফুদ্দিন বছর পাঁচেক আগে হেনাকে বিয়ে করার পর থেকেই তাঁর উপর অত্যাচার চালাতে থাকে। সেই অত্যাচারের সূত্রেই এই হত্যা বলে প্রতিবেশীদের সন্দেহ।

## বিজেপি কর্মীদের উপরে সশস্ত্র কংগ্রেসীদের হামলা

ফরাক্কা : গত ১৮ সেপ্টেম্বর ফরাক্কার বেনিয়াগ্রাম গ্রাম পঞ্চায়েতে ডেপুটেশনদানকারী বিজেপির মহিলা ও পুরুষ কর্মীদের উপর কংগ্রেসের মদতপুষ্ট সমাজবিরোধীরা সশস্ত্রভাবে হামলা চালিয়ে ৫ জনকে মারাত্মকভাবে আহত করে। এদের মধ্যে অলক রায় (২৪), দেবাশিস ব্যানার্জী (২৬) ও কাশীনাথ হালদার (২৭) আশঙ্কাজনক অবস্থায় ফরাক্কা হাসপাতালে চিকিৎসাধীন। অপর আহত দু'জন হলেন মহিলা, তাদের একজনের ডান হাত রডের আঘাতে ভেঙ্গে গেছে। এছাড়া আরো অনেকে অল্পবিস্তর আঘাত পেয়েছেন বলে খবর। প্রকাশ ঐদিন বেলা ১২টার সময় নির্দ্ধারিত সময়সূচী অনুযায়ী শ-.দ.ড়ক কর্মী সমর্থক নিয়ে বিজেপির পক্ষ থেকে কংগ্রেস পরিচালিত পঞ্চায়েতে ডেপুটেশনে যায়। বন্যায় ত্রাণ বিলি না করা এবং পঞ্চায়েতের টাকা নয়ছয় করার বিরুদ্ধে এই ডেপুটেশন দেওয়া হয়। ডেপুটেশন চলাকালীন প্রধান হামিরুদ্দিন সেখ খরচের হিসাব দেখাতে অস্বীকার করলে বাদানুবাদ শুরু হয়। বিজেপির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে বাদানুবাদ শুরু হলে প্রধানের নির্দেশে পাশের আমবাগান থেকে জনা বিশেক গুণ্ডা বোমা, রিভলবার, লোহার রড, ছুরি, লাঠি নিয়ে এসে ঝাঁপিয়ে পড়ে বিজেপি কর্মীদের উপরে। দলীয় তরুণ কর্মী অলক রায় ও দেবাশিস ব্যানার্জীকে হত্যার পূর্ব চক্রান্ত ছিল বলে বিজেপি অভিযোগ করে। এই দুজনকেই লোহার রড ও রিভলবারের বাঁট দিয়ে আঘাত করা হয়। বিজেপির দুই একজন কর্মী ঘটনাস্থল থেকে স্থানীয় থানায় যোগাযোগ করলে কিছুক্ষণের মধ্যে পুলিশ এসে পড়ে। তখন আততায়ীরা পালিয়ে যায়। ঘটনায় পর প্রধান ও সদস্যসহ ১৩ জনের নামে থানায় অভিযোগ দায়ের করা হয়। তবে পুলিশ এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করতে পারেনি।

### শহরে ফোন-টিজিং চরমে

রঘুনাথগঞ্জ : শহরের বেশ কিছু যুবক প্রায় দিন বিভিন্ন ফোনে রিং করে গ্রাহকদের টিজিং করে চ.লছে বলে অভিযোগ উঠেছে। আমাদের দপ্তরে বেশ কিছু ফোন গ্রাহক অভিযোগ জানান গভীর রাতে, ভোর রাতে মাঝে মাঝেই ফোনে রিং করে ঐ যুবকরা অশ্লীল গালিগালাজ ছাড়াও নানা ধরনের কাথাবার্তা বলছে। টেলিফোন কর্তৃপক্ষ এবং প্রশাসন এ ব্যাপারে কোন ব্যবস্থা না নেওয়ায় গ্রাহকদের পারিবারিক শান্তি বিঘ্নিত হচ্ছে।

## ইউথ ক্লাবের উৎসব '৯৬

রঘুনাথগঞ্জ : গত ১২ সেপ্টেম্বর শ্রীশ্রীভদ্রাকালী পুজোর মধ্যে দিয়ে ১৪ থেকে ১৭ সেপ্টেম্বর '৯৬ উদ্‌যাপিত হল ইউথ ক্লাবের বার্ষিক অনুষ্ঠান উৎসব '৯৬। প্রতিযোগিতার বিষয় ছিল প্রবন্ধ রচনা, অঙ্কন (তিনটি বিভাগ) রবীন্দ্র সংগীত (তিনটি বিভাগ) আবৃত্তি (তিনটি বিভাগ) রবীন্দ্রনৃত্য (২টি বিভাগ) এবং কথক নৃত্য। এবারে মোট প্রতিযোগীর সংখ্যা ২৩৮ জন। বিচারকরা প্রায় সকলেই ছিলেন বহিরাগত। ১৬ সেপ্টেম্বর পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন জঙ্গিপুরের পুরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য। প্রধান অতিথি মহকুমা শাসক দেবব্রত পাল। বিশেষ কারণে সেদিন মঞ্চে উপস্থিত হতে পারেননি। সভাপতি ক্লাবের দ্বিতল কক্ষের আনুষ্ঠানিক দ্বার-উদ্‌ঘাটন করেন এবং প্রতিযোগিতায় কৃতীদের হাতে পুরস্কার ও মানপত্র তুলে দেন। পুরস্কার বিতরণী সভায় বক্তব্য রাখেন ক্লাবের ভারপ্রাপ্ত সাংস্কৃতিক সম্পাদক অম্বুজাপদ রাহা, ক্লাব সম্পাদক অনিরুদ্ধ দাস এবং অনুষ্ঠানের সভাপতি মৃগাঙ্ক ভট্টাচার্য। অনুষ্ঠানটিকে উপলক্ষ করে একটি স্মারকগ্রন্থ প্রকাশিত হয়। যার প্রথম কপিটি সভাপতির হাতে তুলে দেন অনুষ্ঠানের আহ্বায়ক গৌতম রুদ্র। ২০ সেপ্টেম্বর একটি শোভাযাত্রা সহকারে শান্তিপূর্ণভাবে সদরঘাটে প্রতিমা নিরঞ্জন করা হয়। প্রতিযোগিতায় সার্বিকভাবে স্থানীয় ডায়মণ্ড এ্যাথলেটিক ক্লাব ও আনন্দধারা সঙ্গীত মহাবিদ্যালয় কৃতিত্বের সাক্ষর রাখে।

### বন্যায় সরকারী ত্রাণ অপ্রতুল, জৈন নবযুবক সমিতি ত্রাণ বণ্টনে সক্রিয়

ধুলিয়ান : সাম্প্রতিক বন্যায় সমসেরগঞ্জ ব্লকের সর্বত্র ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়। পুর শহরেও জল ঢুকে পড়ে। সরকারী ত্রাণ ব্যবস্থা অপ্রতুল বলে দুর্গতরা অভিযোগ জানান। শেষ পর্যন্ত ধুলিয়ান জৈন নবযুবক সমিতি ত্রাণকার্য্যে নামেন। সংস্থার সভাপতি ললিত জৈন, পঞ্চায়েত সদস্য আব্বাস আলি, পুরসভার স্বাস্থ্য পরিদর্শক মাফিজুদ্দিন, প্রাক্তন পঞ্চায়েৎ সদস্য রাইস্যুদ্দিন সেখ এবং সমাজসেবী বাণী ইসরাইল সকলে মিলে ত্রাণ সাহায্য বিতরণ করেন। তাঁরা ১৫ সেপ্টেম্বর মহেশপুর, টিনটিনা, বটতলা, শিবতলা, সাঁকোপাড়া, মুস্কিনগর প্রভৃতি গ্রামের বন্যা দুর্গতদের পরিবার পিছু এক কেজি করে চিঁড়ে ও গুড় এবং পরিবার পিছু ১৬টি করে পাঁউরুটি বিতরণ করেন বলে খবর।

### বিশিষ্ট ফুটবলারের মৃত্যু

রঘুনাথগঞ্জ : গত ২২ সেপ্টেম্বর এই শহরের বিশিষ্ট ফুটবলার মলিনচন্দ্র দাস ৭০ বছর বয়সে দুরারোগ্য ক্যান্সার রোগে এখানে মারা গেছেন। এক সময়ে তিনি এই শহরেই নয় মহকুমা তথা জেলার বিশিষ্ট ফুটবল খেলোয়াড় ছিলেন। কলকাতার বালি প্রতিভা টিমেও খেলেছেন। তাঁর মৃত্যুতে শহরে শোকের ছায়া নেমে আসে।

### আমাদের খতম করতে

( ১ম পৃষ্ঠার পর )

নির্বাচনে মুর্শিদাবা:দ বিশেষ করে জঙ্গিপুর মহকুমায় বামফ্রন্টের ভরাডুবির কারণ হিসাবে বক্তারা বিজেপিকে দোষারোপ করেন। তবে গঙ্গা—পদ্মার ভাঙ্গন প্রসঙ্গ জনসভার অন্যতম ইস্যু থাকলেও বক্তারা প্রধানমন্ত্রী দেবগৌড়া মুর্শিদাবাদ—মালদা পরিদর্শনের পর যা সিদ্ধান্ত নেবার নেওয়া হবে এবং এ ব্যাপা:রে আলোচনা হবে বলেই ইতি টানেন। মন্ত্রী গৌতম দেব সমাজবিরোধী অধীর কি করে ভোটে জেতে—প্রশ্ন রাখেন। তিনি বলেন অধীর এক গ্রামে ছিনতাই জুলুমবাজী করে সেই টাকা পয়সা নবগ্রামে ছিটিয়ে দিয়ে ভোটে জেতে। কংগ্রেসীরা অধীর চৌধুরীর মতো কিছু যন্ত্রপাতি বাজারে ছড়িয়ে দিয়ে আমাদের খতম করতে চাইছে। আমরা ইচ্ছা করলে ও রকম কংগ্রেসী নেতাদের প্রতিদিন খুন করতে পারি। তবে আমরা খুন খারাবির রাজনীত করি না। আমরা মুর্শিদাবাদের মানুষকে আর্সেনিক মুক্ত জল দেব, চল্লিশ-পঞ্চাশ শতাংশ মানুষকে রেশনে কম দামে সামগ্রী দেব, গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেব, রাস্তা তৈরী করবো, সত্তর শতাংশ জমিতে সেচের ব্যবস্থা করবো ইত্যাদি প্রতিশ্রুতির কথা শোনান মন্ত্রী। তিনি আরও বলেন, বিজেপি এরাজ্যে তাদের ভোট কংগ্রেসকে উপহার দেওয়াতে বিধানসভায় এবার তাদের প্রতিনিধি বেড়েছে। তবে সামগ্রিক ভোট আমাদের কমেনি—বরং বেড়েছে। কেন্দ্রে বন্ধু সরকার আসায় আমরা এবার কাজ করতে প:রবো বলেও মন্ত্রী জানান।

আনন্দ সংবাদ ভর্তি চলিতেছে

এখানে শেখানো হচ্ছে—

**ভরতনাট্যম**

ও তৎসহ কত্থক, কথকলি, মণিপুরী ও রবীন্দ্রনৃত্য। রবীন্দ্রসঙ্গীত, অঙ্কন, মাটি ও শোলার কাজ, তবলা ও গীটার।

**আনন্দধারা সংগীত মহাবিদ্যালয়**

রঘুনাথগঞ্জ বয়েজ হাইস্কুল ( পুরনো বিল্ডিং )

( প্রতি রবিবার সকালে )

## রেললাইনের ধারে ঢপগুলিতে অবাধে মদ বিক্রি হচ্ছে

সাগরদীঘি ঃ স্থানীয় রেল ষ্টেশনের পাশে বেআইনী ঢপ তৈরী করে নানান ব্যবসা ফেঁপে উঠেছে তার কতকগুলিতে চোলাই মদ বিক্রি হয় দিনে রাতে। মাতালদের মাতলামীতে ঐ পথে যাতায়াত করা কষ্টকর। জনসাধারণ প্রতিবাদ করেও কোন ফল পাননি। গত ৮ সেপটেম্বর জনৈকা হাসপাতাল নার্স সালেমা খাতুনকে মাতালরা ধাক্কা মেরে রাস্তায় ফেলে দেয়। এই দেখে কিছু যুবক মাতালদের উপর চড়াও হয়ে মারধোর করে ও ঢপ থেকে ১৫০ লিটার মদ ধরে থানায় জমা দেন। যুবকরা জানান এ রকম চলতে থাকলে তাঁরা ঐ এলাকায় গণহানা দিয়ে মদ বিক্রি বন্ধ করতে বাধ্য হবে। থানা অফিসার তাঁদের কার্য্যকরী ব্যবস্থা নেবার প্রতিশ্রুতি দেন।


2 YEARS WARRANTY

WEBEL NICCO TV

Dealer :

Bharat Electronics

Raghunathganj ✪ Phone : 66-321

Sengupta Elcetronics

Raghunathganj, Murshidabad



শারদীয়ার অভিনন্দন গ্রহণ করুন ঃ—



পছন্দসই টেকসই

সব বয়সেই

মানানসই



রঘুনাথগঞ্জ ব্লক নং-১

রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেণ্টার )

রেজিষ্ট্রী নং - ২০ ‖ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ● পোঃ গনকর ● জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল, জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়। সরকার প্রদত্ত ডিসকাউণ্ট ( ছাড় ) দেওয়া হয়।

॥ সততাই আমাদের মূলধন ॥

| | | |
|---|---|---|
| সনাতন দাস | ধনঞ্জয় কাদিয়া | সনাতন কালিদহ |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

### ঘুষের অভিযোগ ( ১ম পৃষ্ঠার পর )

মহকুমা শাসকের নির্দেশে বিডিও এবং খাদ্য দপ্তরের পরিদর্শক তদন্তে মনিগ্রাম এলে শতাধিক ব্যক্তি এ ব্যাপারে তাঁদের সাক্ষ্য ও জবানবন্দী দেন। তদন্তকারী অফিসাররা সাক্ষ্য প্রমাণে সন্তুষ্ট হয়ে ঘটনার সত্যতা স্বীকার করে ব্যবস্থা নেওয়ার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে রিপোর্ট দেবেন বলে প্রতিশ্রুতি দন। অভিযোগকারীরা তদন্তকারী অফিসারদের কাছে পঞ্চায়েতে এখনও তাদের কাছে গচ্ছিত থাকা কার্ডগুলি বিলি ও যে অর্থ নেওয়া হয়েছে তা ফেরৎ দেবার দাবী জানান।

### সব ওষুধের দোকান বন্ধ ( ১ম পৃষ্ঠার পর )

মুর্শিদাবাদ জেলা কেমিষ্ট এণ্ড ড্রাগিষ্ট এ্যাশোসিয়েশনের ডাকে ২১ সেপটেম্বর শহরের সব ওষুধের দোকান বন্ধ হয়ে যায়। শেষে সন্ধ্যার দিকে কিছু জনসাধারণ ও পুলিশের প্রচেষ্টায় দোকানগুলি খুলতে বাধ্য করা হয়। উত্তেজিত জনতা জীবনদীপের সামনে দাঁড়িয়ে থাকা একটি প্রাইভেট কার ভাঙচুর করে এবং অন্যান্য ওষুধের দোকানগুলিতে ইট পাটকেল ছোঁড়ে বলে খবর।

### এগার লক্ষ টাকা জলে ( ১ম পৃষ্ঠার পর )

বোল্ডার ভরে পার বাঁধানো হয়। কিন্তু ভাঙ্গনের তীব্রতায় লক্ষ লক্ষ টাকার কাজ জলে গেল। গঙ্গা তীরবর্তী ইকবাল হোসেন, আবদুল সালাম, হাসেন সেখ ও হান্নান সেখের ঘর বাড়ী সম্পুর্ণ তলিয়ে গেছে বলে খবর।

### বিদ্যুৎ অফিসে ভাঙচুর ( ১ম পৃষ্ঠার পর )

সেদিন সচিব ধুলিয়ানে একটি কেভি ষ্টেশনেরও উদ্বোধন করেন। উল্লেখ্য রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে লোকাল ফণ্টের কারণে বিদ্যুৎহীন অবস্থা প্রায়ই ঘটছে এবং জনসাধারণ এ কারণে অধৈর্য্য হয়ে উঠছেন।


বিশেষ আকর্ষণ ঃ বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী।

আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিণ্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।



বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ॥ গনকর

ফোন নং ঃ গনকর ৬২০২৯